(n) ΔABC এ **AB** ও **AC** এর মধ্যবিন্দু যথাক্রমে **E** ও **F** হলে ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, **EF || BC.**

সমাধানঃ



AB এর মধ্যবিন্দু E এর স্থানাঙ্ক

$= \left(\dfrac{2+2}{2}, \dfrac{2+0}{2}, \dfrac{0+2}{2}\right) = (2, 1, 1)$

AC এর মধ্যবিন্দু F এর স্থানাঙ্ক

$= \left(\dfrac{2+0}{2}, \dfrac{2+0}{2}, \dfrac{0+4}{2}\right) = (1, 1, 2)$

$\overrightarrow{BC} = (0-2)\hat{i} + (0-0)\hat{j} + (4-2)\hat{k}$

$= -2\hat{i} + 0\hat{j} + 2\hat{k}$

$\overrightarrow{EF} = (1-2)\hat{i} + (1-1)\hat{j} + (2-1)\hat{k}$

$= -\hat{i} + 0\hat{j} + \hat{k}$

ΔABC এ **AB** ও **AC** এর মধ্যবিন্দু যথাক্রমে **E** ও **F.**

$\therefore$ $\overrightarrow{AE} = \dfrac{1}{2}\overrightarrow{AB} = \dfrac{1}{2}(0\hat{i} - 2\hat{j} + 2\hat{k})$

$= 0\hat{i} - \hat{j} + \hat{k}$

$\overrightarrow{AF} = \dfrac{1}{2}\overrightarrow{AC} = \dfrac{1}{2}(-2\hat{i} - 2\hat{j} + 4\hat{k})$

$= -\hat{i} - \hat{j} + 2\hat{k}$

$\overrightarrow{BC} \times \overrightarrow{EF} = (-2\hat{i} + 0\hat{j} + 2\hat{k}) \times (-\hat{i} + 0\hat{j} + \hat{k})$

$$= \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ -2 & 0 & 2 \\ -1 & 0 & 1 \end{vmatrix}$$

$= (0-0)\hat{i} - (-2+2)\hat{j} + (0-0)\hat{k} = \bar{0}$

$\therefore$ EF || BC

(o) $\overrightarrow{AB}, \overrightarrow{AC}$ ও $\overrightarrow{AB} \times \overrightarrow{AD}$ ধারবিশিষ্ট সামান্তরিক আকারের ঘনবস্তুর আয়তন নির্ণয় কর।

সমাধানঃ $\overrightarrow{AB} = (2-2)\hat{i} + (0-2)\hat{j} + (2-0)\hat{k}$

$= 0\hat{i} - 2\hat{j} + 2\hat{k}$

$\overrightarrow{AC}=(0-2)\hat{i}+(0-2)\hat{j}+(4-0)\hat{k}$

$=-2\hat{i}-2\hat{j}+4\hat{k}$

$\overrightarrow{AD}=(0-2)\hat{i}+(2-2)\hat{j}+(2-0)\hat{k}$

$=-2\hat{i}+0\hat{j}+2\hat{k}$

$$\therefore\ \overrightarrow{AB}\times\overrightarrow{AD}=\begin{vmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 0 & -2 & 2\\ -2 & 0 & 2\end{vmatrix}$$

$=(-4-0)\hat{i}-(0+4)\hat{j}+(0-4)\hat{k}$

$=-4\hat{i}-4\hat{j}-4\hat{k}$

$\therefore$ $\overrightarrow{AB},\overrightarrow{AC},\overrightarrow{AB}\times\overrightarrow{AD}$ ধারবিশিষ্ট সামান্তরিক আকারের ঘনবস্তুর আয়তন

$=(\overrightarrow{AB}\times\overrightarrow{AC})\cdot(\overrightarrow{AB}\times\overrightarrow{AD})$

$$=\begin{vmatrix}0 & -2 & 2\\ -2 & -2 & 4\\ -4 & -4 & -4\end{vmatrix}=\begin{vmatrix}0 & 0 & 2\\ -2 & 2 & 4\\ -4 & -8 & -4\end{vmatrix}$$

$=2(16+8)=16$ ঘন একক।

* একটি বস্তুর উপর $\overline{F}$ বলের ক্রিয়ার ফলে বস্তুটির সরণ $\overline{r}$ হলে, কাজ $=\overline{F}.\overline{r}$

* O এর সাপেক্ষে $\overline{F}$ বলের ক্রিয়ারেখার উপরস্থ কোনো বিন্দুর অবস্থান ভেক্টর $\overline{r}$ হলে, O এর চতুর্দিকে $\overline{F}$ বলের মোমেন্ট $=|\overline{r}\times\overline{F}|$

ভর্তি পরীক্ষার MCQ :

1. $4\hat{i}+2\hat{j}-3\hat{k}$ ও $\lambda\hat{i}-3\hat{j}+2\hat{k}$ ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হলে λ এর মান – **[DU 02-03, 06-07; NU 08-09, 05-06; RU 12-13,09-10]**

Sol^n. $4\lambda-6-6=0\Rightarrow\lambda=3$

2. $\hat{i}+3\hat{j}-6\hat{k}$ ও $m\hat{i}+2\hat{j}+4\hat{k}$ ভেক্টরদ্বয় পরস্পর লম্ব হলে m এর মান – **[BUET 07-08]**

Sol^n. $m+6-24=0\Rightarrow m=18$

3. $\overrightarrow{F_1}=2\hat{i}-3\hat{j}$ ও $\overrightarrow{F_2}$ বল দুইটির লব্ধি $\overrightarrow{F_3}=5\hat{i}+4\hat{j}$ হলে $\overrightarrow{F_2}=$? **[DU 06-07]**

Sol^n. $\overrightarrow{F_1}+\overrightarrow{F_2}=\overrightarrow{F_3}\Rightarrow\overrightarrow{F_2}=\overrightarrow{F_3}-\overrightarrow{F_1}$

$\Rightarrow\overrightarrow{F_2}=(5\hat{i}+4\hat{j})-(2\hat{i}-3\hat{j})=3\hat{i}+7\hat{j}$

4. $\vec{A}=\hat{i}-2\hat{j}+3\hat{k}$ এবং $\vec{B}=2\hat{i}+\hat{j}-\hat{k}$ হলে $\vec{A}\cdot\vec{B}=$? **[DU 01-02]**

Sol^n. $\vec{A}\cdot\vec{B}=2-2-3=-3$

5. $\vec{B}=2\hat{i}+10\hat{j}-11\hat{k}$ ভেক্টর বরাবর $\vec{A}=2\hat{i}+2\hat{j}+\hat{k}$ ভেক্টরের উপাংশের মান- **[CU 07-08]**

Sol^n. মান $=\dfrac{\vec{A}\cdot\vec{B}}{|\vec{B}|}=\dfrac{4+20-11}{\sqrt{4+100+121}}=\dfrac{13}{15}$

6. $\vec{Y}=2\hat{i}-3\hat{j}+5\hat{k}$ ভেক্টরের উপর $\vec{X}=-\hat{i}+\hat{j}-4\hat{k}$ এর অভিক্ষেপ–**[CU 07-08]**

Sol^n. অভিক্ষেপ $=\dfrac{\vec{X}\cdot\vec{Y}}{|\vec{Y}|}=\dfrac{-2-3-20}{\sqrt{4+9+25}}=\dfrac{-25}{\sqrt{38}}$

7. $\vec{X}=4\hat{i}-2\hat{j}+5\hat{k}$ এবং $\vec{Y}=3\hat{i}+\hat{j}-2\hat{k}$ ভেক্টরদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ- **[CU 07-08]**

Sol^n. $\cos\theta=\dfrac{\vec{X}\cdot\vec{Y}}{|\vec{X}||\vec{Y}|}$

$=\dfrac{12-2-10}{\sqrt{16+4+25}\sqrt{9+1+4}}=0\ \therefore\theta=90°$

8. $2\hat{i}-3\hat{k}$ এবং $\hat{i}+\hat{j}+\hat{k}$ ভেক্টরদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ– **[BUET 07-08]**

Sol^n. $\cos\theta=\dfrac{2+0-3}{\sqrt{4+9}\sqrt{1+1+1}}=\dfrac{-1}{\sqrt{13}\sqrt{3}}$

$\therefore\ \theta=\cos^{-1}\left(\dfrac{-1}{\sqrt{39}}\right)$

9. a এর মান কত হলে, $\vec{A}=5\hat{i}+2\hat{j}+3\hat{k}$ এবং $\vec{B}=15\hat{i}+a\hat{j}+9\hat{k}$ ভেক্টরদ্বয় পরস্পর সমান্তরাল হবে। **[IU 07-08]**

Sol^n. $\vec{A}$ ও $\vec{B}$ সমান্তরাল বলে, $\frac{5}{15}=\frac{2}{a}=\frac{3}{9}$

$\therefore$ a = 6

10. দুইটি ভেক্টর $\vec{A}=2\hat{i}-6\hat{j}-3\hat{k}$ এবং $\vec{B}=4\hat{i}+3\hat{j}-\hat{k}$ দ্বারা গঠিত সমতলের উপর একটি একক লম্ব ভেক্টর – **[SU 06-07]**

Sol^n. $\vec{A}\times\vec{B}=\begin{vmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 2 & -6 & -3\\ 4 & 3 & -1\end{vmatrix}$

$=(6+9)\hat{i}-(-2+12)\hat{j}+(6+24)\hat{k}$

$\therefore\ \hat{\eta}=\pm\frac{\vec{A}\times\vec{B}}{|\vec{A}\times\vec{B}|}=\pm\frac{15\hat{i}-10\hat{j}+30\hat{k}}{\sqrt{225+100+900}}$

$=\pm\frac{1}{7}(3\hat{i}-2\hat{j}+6\hat{k})$

11. $|\vec{A}\times\vec{B}|^2+|\vec{A}\cdot\vec{B}|^2$ এর মান–

Sol^n. $|\vec{A}\times\vec{B}|^2+|\vec{A}\cdot\vec{B}|^2$
$=(AB\sin\theta)^2+(AB\cos\theta)^2$
$=A^2B^2$

12. $\hat{i}$, $\hat{j}$, $\hat{k}$ একক ভেক্টর হলে $\hat{i}\cdot(\hat{j}\times\hat{k})=?$

Sol^n. $\hat{i}\cdot(\hat{j}\times\hat{k})=\hat{i}\cdot\hat{i}=1$

13. m ভরের একটি বসত্মব স্ত উপর প্রযুক্ত $\vec{F}=5\vec{x}+4\vec{y}$ বলের কারণে বস্তুটি একটি নির্দিষ্ট দিকে গতিশীল বস্তুটি উপর যে বল প্রয়োগ করলে বস্তুটির গতিপথের সাথে 45° কোণ তৈরী করবে সে বলের মান কত? **[RU 07-08]**

Sol^n. $(5\vec{x}+4\vec{y})\cos 45°$

14. যদি বল $\vec{F}=2\hat{i}+3\hat{j}+\hat{k}$ এর সরণ $\vec{S}=\hat{i}+2\hat{j}+5\hat{k}$ হয় হবে কাজ W = ? **[RU 06-07]**

Sol^n. $W=\vec{F}\cdot\vec{S}=2+6+5=13$

15. যদি প্রযুক্ত বল $\vec{F}=5\hat{i}+2\hat{j}-\hat{k}$ এর ঘূর্ণায়মান কণার অক্ষের সাপেক্ষে অবস্থান ভেক্টর $\vec{r}=2\hat{i}-\hat{j}+3\hat{k}$ হয় তবে বলের মোমেন্ট T এর মান কত? **[RU 06-07]**

Sol^n.: $\vec{T}=\vec{F}\times\vec{r}=\begin{vmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 3 & 2 & -1\\ 2 & -1 & 3\end{vmatrix}$

$=(6-1)\hat{i}-(9+2)\hat{j}+(-3-4)\hat{k}$

$=5\hat{i}-11\hat{j}-7\hat{k}$

$\therefore\ T=|\vec{T}|=\sqrt{25+121+49}=\sqrt{195}$

16. **XOZ** তলের সমানন্তরাল এবং $3\hat{i}-\hat{j}+4\hat{k}$ ভেক্টরের সাথে লম্ব একক ভেক্টর ~~হবে–~~ $15\hat{i}-10\hat{j}+30\hat{k}$ **[BUET 10-11]**

Sol^n.: XOZ তলের সমান্তরাল বলে $\hat{i}$ ও $\hat{k}$ উপাংশ থাকবে। XOZ তলের সমান্তরাল এবং $3\hat{i}-\hat{j}+4\hat{k}$ ভেক্টরের সাথে লম্ব ভেক্টর $4\hat{i}-3\hat{k}$.

নির্ণেয় একক ভেক্টর $=\frac{4\hat{i}-3\hat{k}}{\sqrt{16+9}}=\frac{4\hat{i}-3\hat{k}}{5}$

বহুনির্বাচনি প্রশ্ন :

1. ভেক্টরের বিয়োগ অনুযায়ী $\overline{OA}-\overline{OB}=\overline{BA}$
$\therefore$ Ans. (b)

2. ***Sol***^{n}. সবগুলি তথ্য সত্য। $\therefore$ Ans. (d)

3. $2\overline{A}-\overline{B}=4\hat{i}+4\hat{j}+2\hat{k}-(6\hat{i}-3\hat{j}+2\hat{k})$
$=-2\hat{i}+7\hat{j}$
$\therefore\ |2\overline{A}-\overline{B}|=\sqrt{4+49}=\sqrt{53}$
$\therefore$ Ans. (c)

4. নির্ণেয় কোণ $=\cos^{-1}\frac{(2\hat{i}+2\hat{j}+\hat{k}).\hat{j}}{\sqrt{4+4+1}\sqrt{1}}=\cos^{-1}\frac{2}{3}$
$\therefore$ Ans. (b)

5. নির্ণেয় ভেক্টর $=\frac{6\hat{i}-3\hat{j}+2\hat{k}}{\sqrt{36+9+4}}=\frac{6\hat{i}-3\hat{j}+2\hat{k}}{7}$

$\therefore$ Ans. (a)

6. ***Sol**^{n}.* z অক্ষের উপর $\overline{A}$ ভেক্টরটির অংশক $\hat{k}$, x অক্ষ বরাবর $\overline{B}$ ভেক্টরটির অভিক্ষেপ 6, ভেক্টর দুইটির লব্ধির সমান্তরালে একক ভেক্টর $\pm\frac{1}{7}(8\hat{i}-\hat{j}+3\hat{k})$ $\therefore$ Ans. (d)

7. $|\overline{A}|=\sqrt{9+4+36}=7$ $\therefore$ Ans. (c)

8. $(2\hat{i}+a\hat{j}-\hat{k}).(-4\hat{i}-2\hat{j}+2\hat{k})=0$

$\Rightarrow -8-2a-2=0 \Rightarrow -2a=10$

$\Rightarrow a=-5$ $\therefore$ Ans. (c)

9. ***Sol**^{n}.* $(\vec{A}+\vec{B})\cdot(\vec{A}+\vec{B})=(\vec{A}-\vec{B})\cdot(\vec{A}-\vec{B})$

$\Rightarrow A^2+B^2+2\vec{A}\cdot\vec{B}=A^2+B^2-2\vec{A}\cdot\vec{B}$

$\Rightarrow 4\vec{A}\cdot\vec{B}=0 \Rightarrow \vec{A}\cdot\vec{B}=0$ $\therefore$ কোণ $=90°$

$\therefore$ Ans. (b)

10. ***Sol**^{n}.* $\frac{x-1}{2}=\frac{y-2}{3}=\frac{z+3}{4}$ এর ভেক্টর সমীকরণ

$\underline{r}=\hat{i}+2\hat{j}-3\hat{k}+t(2\hat{i}+3\hat{j}+4\hat{k})$

$\therefore$ Ans. (a)

11. ***Sol**^{n}.* $(2\hat{i}-\hat{j}-2\hat{k}).(3\hat{i}-3\hat{j}+\hat{k})$

$=6+3-2=7$ $\therefore$ Ans. (b)

12. ***Sol**^{n}.* $\hat{i}+2\hat{j}-2\hat{k}$ ও $2\hat{i}-\hat{j}-\hat{k}$ এর লব্ধির

মান $=\sqrt{(1+2)\hat{i}+(2-1)\hat{j}+(-2-1)\hat{k}}$

$=\sqrt{3\hat{i}+\hat{j}-3\hat{k}}=\sqrt{9+1+9}=\sqrt{19}$

$\therefore$ Ans. (d)

13. ***Sol**^{n}.* $|\overline{A}|=\sqrt{4+4+4}=2\sqrt{3}$

$\overline{A}\cdot\overline{B}=(2\hat{i}+2\hat{j}-2\hat{k})\cdot(2\hat{i}-\hat{j}+\hat{k})$

$=4-2-2=0$ $\therefore \overline{A}\parallel\overline{B}$

$\overline{B}-\overline{A}=0\hat{i}-3\hat{j}+3\hat{k}$ $\therefore$ Ans. (c)

14. ***Sol**^{n}.* $\hat{i}.\hat{i}=1$ $\therefore$ Ans. (a)

15. ***Sol**^{n}.* $\overline{A}=\hat{i}+\hat{j}-2\hat{k}$,

$\overline{B}=-2\hat{i}-\hat{j}+\hat{k}$ হলে,

$$\overline{A}\times\overline{B}=\begin{vmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 1 & 1 & -2\\ -2 & -1 & 1\end{vmatrix}$$

$=(1-2)\hat{i}-(1-4)\hat{j}+(-1+2)\hat{k}$

$=-\hat{i}+3\hat{j}+\hat{k}$ $\therefore$ Ans. (b)

16. ***Sol**^{n}.* $\overrightarrow{BA}=(1+3)\hat{i}+(2+2)\hat{j}+(3+1)\hat{k}$

$=4\hat{i}+4\hat{j}+4\hat{k}$ $\therefore$ Ans. (a)

17. ***Sol**^{n}.* $4\lambda-6-6=0 \Rightarrow 4\lambda=12 \Rightarrow \lambda=3$

$\therefore$ Ans. (c) $\Rightarrow$

18. Sol^n.: $a^2-5a+6=0 \Rightarrow (a-3)(a-2)=0$

$\Rightarrow a=3, 2$ $\therefore$ Ans. (c)

19. ***Sol**^{n}.* $\vec{F_1}+\vec{F_2}=\vec{F_3} \Rightarrow \vec{F_2}=\vec{F_3}-\vec{F_1}$

$\Rightarrow \vec{F_2}=(5\hat{i}+4\hat{j})-(2\hat{i}-3\hat{j})=3\hat{i}+7\hat{j}$

$\therefore$ Ans.(d)

20. Sol^n.: মধ্যবর্তী কোণ $\theta=\cos^{-1}\frac{\overline{P}\cdot\overline{Q}}{|\overline{P}|\cdot|\overline{Q}|}$

$\Rightarrow \theta=\cos^{-1}\frac{2.3+(-1)(-6)+2.(-2)}{\sqrt{4+1+4}\sqrt{9+36+4}}$

$=\cos^{-1}\frac{6+6-4}{3.7}=\cos^{-1}\frac{8}{21}$

$\therefore$ Ans. (b)

21. Sol^n.: $\frac{\overline{A}\cdot\overline{B}}{|\overline{B}|}=\frac{2.2+10.2+(-11).1}{\sqrt{4+100+121}}$

$=\frac{4+20-11}{15}=\frac{13}{15}$ $\therefore$ Ans. (a)

22. Sol^n.: $\vec{A}$ এর দিক বরাবর $\vec{B}$ ভেক্টরের এর উপাংশের দৈর্ঘ্য $=|\overline{B}|\cos\theta$ $\therefore$ Ans. (a)

23. Sol^n.: $\theta=\cos^{-1}\frac{\overline{X}\cdot\overline{Y}}{|\overline{X}||\overline{Y}|}$

$\Rightarrow \theta = \cos^{-1} \frac{4.3 + (-2)1 + 5(-2)}{\sqrt{16+4+25}\sqrt{9+1+4}}$

$\Rightarrow \theta = \cos^{-1} \frac{12-2-10}{\sqrt{45}\sqrt{14}} = \cos^{-1} \frac{0}{\sqrt{45}\sqrt{14}}$

$= 90^0$ $\therefore$ Ans. (d)

24. Sol^n.: $\bar{a}\cdot\bar{b} + \bar{b}\cdot\bar{c} + \bar{c}\cdot\bar{a}$

$= (2-1+1) + (1-1-1) + (2+1-1)$

$= 2-1+2 = 3$ $\therefore$ Ans. (d)

25. Sol^n.: $\theta = \cos^{-1} \frac{1(-1)+(-1)1+1(2)}{\sqrt{1+1+1}\sqrt{1+1+4}}$

$= \cos^{-1} \frac{-1-1+2}{\sqrt{3}\sqrt{6}} = \cos^{-1} \frac{0}{\sqrt{3}\sqrt{6}} = 90^0$

$\therefore$ Ans. (d)

26. Sol^n.: $\vec{A} + \vec{B} = 4\hat{i} + \hat{j} - \hat{k}$

$\vec{A} - \vec{B} = -2\hat{i} + 3\hat{j} - 5\hat{k}$

$\therefore \theta = \cos^{-1} \frac{4(-2)+1(3)+(-1)(-5)}{\sqrt{16+1+1}\sqrt{4+9+25}}$

$= \cos^{-1} \frac{-8+3+5}{\sqrt{18}\sqrt{38}} = \cos^{-1} \frac{0}{\sqrt{18}\sqrt{38}} =$ 90^0

$\therefore$ Ans. (b)

27. Sol^n.: $(5\vec{x} + 4\vec{y}) \cos 45°$

28. Sol^n.: XOZ তলের সমানতরাল বলে $\hat{i}$ ও $\hat{k}$ উপাংশ থাকবে। XOZ তলের সমান্তরাল এবং $3\hat{i} - \hat{j} + 4\hat{k}$ ভেক্টরের সাথে লম্ব ভেক্টর $4\hat{i} - 3\hat{k}$.

নির্ণেয় একক ভেক্টর $= \frac{4\hat{i} - 3\hat{k}}{\sqrt{16+9}} = \frac{4\hat{i} - 3\hat{k}}{5}$

$\therefore$ Ans. (b)

29. Sol^n.: $\theta = \cos^{-1} \frac{(2\hat{i} + 3\hat{j} - 6\hat{k})\cdot\hat{j}}{|2\hat{i} + 3\hat{j} - 6\hat{k}||\hat{j}|}$

$= \cos^{-1} \frac{3}{\sqrt{4+9+36}} = \cos^{-1} \frac{3}{7}$

$\therefore$ Ans. (c)

30. Sol^n.: $\bar{P}\cdot\bar{Q} = 0$

$\Rightarrow (4\hat{i} + m\hat{j})\cdot(6\hat{i} - 4\hat{j} + 3\hat{k}) = 0$

$\Rightarrow 24 - 4m = 0 \Rightarrow m = 6$ $\therefore$ Ans. (b)

31. Sol^n.: $\bar{A}\times\bar{B} = -(\bar{B}\times\bar{A})$ $\therefore$ Ans. (a)

32. Sol^n.: অংশক $= \frac{\bar{a}\cdot\bar{b}}{|\bar{a}|}\hat{a}$

$= \frac{2.1 + 4.1 + (-1)3}{\sqrt{4+16+1}}\hat{a}$

$= \frac{2+4-3}{\sqrt{21}}\hat{a} = \frac{3}{\sqrt{21}}\hat{a}$ $\therefore$ Ans. (d)

33. Sol^n.: $\theta = \cos^{-1} \frac{(2\hat{i} - \hat{j} + 2\hat{k})\cdot\hat{k}}{|2\hat{i} - \hat{j} + 2\hat{k}|}$

$= \cos^{-1} \frac{2}{\sqrt{4+1+4}} = \cos^{-1} \frac{2}{3}$ $\therefore$ Ans. (c)

34. Sol^n.: $\overline{BA} = \overline{OA} - \overline{OB} = \underline{a} - \underline{b}$ $\therefore$ Ans. (a)

35. Sol^n.: $(\hat{j}\times\hat{i}).\hat{k} = (-\hat{k}).\hat{k} = -1$ $\therefore$ Ans. (a)

36. Sol^n.: সামন্তরিকের প্রধান কর্ণের দৈর্ঘ্য $= |\vec{P} + \vec{Q}|$

$\therefore$ Ans. (a)

37. Sol^n.: $2.3 + (-3).(-4) + a.3 = 0$

$\Rightarrow 6 + 12 + 3a = 0 \Rightarrow a = -6$ $\therefore$ Ans. (a)

38. Sol^n.: $\overline{OP}$ বরাবর $\overline{OQ}$ এর অভিক্ষেপ

$= \frac{1.2 + 3(-3) + 4.5}{\sqrt{1^2 + 3^2 + 4^2}} = \frac{13}{\sqrt{26}}$ $\therefore$ Ans. (a)

39. Sol^n.: $\hat{i} - \hat{j} + \hat{k}$ বরাবর একক ভেক্টর

$= \frac{\hat{i} - \hat{j} + \hat{k}}{\sqrt{3}}$ $\therefore$ Ans. (d)

40. Sol^n.: $\frac{1}{2}\hat{i} + \frac{1}{3}\hat{j} + \hat{k}$ এর মান

$= |\frac{1}{2}\hat{i} + \frac{1}{3}\hat{j} + \hat{k}| = \sqrt{\frac{1}{4} + \frac{1}{9} + 1}$

$= \sqrt{\frac{9+4+36}{36}} = \frac{7}{6}$ $\therefore$ Ans. (a)

41. Sol^n.: $\vec{a}.\vec{b}$ এর মান $= 1(-2) = -2$
$\therefore$ Ans. (a)

42. Sol^n.: $\vec{r} = -4\hat{i} + +3\hat{j}$ $\therefore$ Ans. (c)

43. Sol^n.: $\underline{b}$ এর উপর $\underline{a}$ এর অভিক্ষেপ

$$= \frac{1.2+(-2)3+(-2)(-6)}{\sqrt{2^2+3^2+6^2}}$$

$$= \frac{2-6+12}{7} = \frac{8}{7} \therefore \text{ Ans. (b)}$$

44. Sol^n.: $\theta = \cos^{-1}\frac{1(-3)+(-1)2+1.1}{\sqrt{1+1+1}\sqrt{9+4+1}}$

$$= \cos^{-1}\frac{-3-2+1}{\sqrt{3}\sqrt{14}} = \cos^{-1}\frac{-4}{\sqrt{42}}$$

$\therefore$ Ans. (d)

45. Sol^n.: A ও B উভয়ের উপর লম্ব ভেক্টর $\frac{\overline{A}\times\overline{B}}{|\overline{A}\times\overline{B}|}$

$\therefore$ Ans. (d)

46. Sol^n.: $\bar{a}\times\bar{b} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 1 & 1 & 0 \\ 0 & 1 & 1 \end{vmatrix}$

$$= \hat{i}(1-0) - \hat{j}(1-0) + \hat{k}(1-0) = \hat{i} - \hat{j} + \hat{k}$$

$\therefore$ $|\vec{a}\times\vec{b}| = \sqrt{1+1+1} = \sqrt{3}$ $\therefore$ Ans.(c)

47. Sol^n.: $|\hat{a}| = 1$ $\therefore$ Ans.(b)

সৃজনশীল প্রশ্ন:

1. $\overline{A} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k}$ **এবং** $\overline{B} = 3\hat{i} - \hat{j} + 2\hat{k}$

(a) $\overline{A}\times\overline{B}$ **নির্ণয় কর।**

সমাধান : $\overline{A}\times\overline{B} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 1 & 2 & -3 \\ 3 & -1 & 2 \end{vmatrix}$

$$= (4-3)\hat{i} - (2+9)\hat{j} + (-1-6)\hat{k}$$

$$= \hat{i} - 11\hat{j} - 7\hat{k}$$

খ. $\overline{A}+\overline{B}$ **এবং** $\overline{A}$ **ভেক্টর দুইটির মধ্যবর্তী কোণ নির্ণয় কর।**

সমাধান:

$$\overline{A}+\overline{B} = (1+3)\hat{i} + (2-1)\hat{j} + (-3+2)\hat{k}$$

$$= 4\hat{i} + \hat{j} - \hat{k}$$

ধরি, $\overline{A}+\overline{B}$ ও $\overline{A}$ এর মধ্যবর্তী কোণ θ.

$$\therefore \cos\theta = \frac{(\overline{A}+\overline{B})\cdot\overline{A}}{|\overline{A}+\overline{B}||\overline{A}|}$$

$$= \frac{(4\hat{i}+\hat{j}-\hat{k})\cdot(\hat{i}+2\hat{j}-3\hat{k})}{|4\hat{i}+\hat{j}-\hat{k}||\hat{i}+2\hat{j}-3\hat{k}|}$$

$$= \frac{4+2+3}{\sqrt{16+1+1}\sqrt{1+4+9}}$$

$$= \frac{9}{\sqrt{18}\sqrt{14}}$$

$$\therefore \quad \theta = \cos^{-1}\frac{\sqrt{9}}{2\sqrt{7}} \quad \text{(Ans.)}$$

(c) দেখাও যে, $\overline{A}$, $\overline{A} - \overline{B}$ **এবং** $4\hat{i}+2\hat{j}-2\hat{k}$ **ভেক্টর তিনটি একটি সমকোণী ত্রিভুজ গঠন করে।**

প্রমাণ: $|\overline{A}| = |\hat{i}+2\hat{j}-3\hat{k}| = \sqrt{1+4+9} = \sqrt{14}$

$$|\overline{A}-\overline{B}| = |-2\hat{i}+3\hat{j}-5\hat{k}| = \sqrt{4+9+25} = \sqrt{38}$$

$$|4\hat{i}+2\hat{j}-2\hat{k}| = \sqrt{16+4+4} = \sqrt{24}$$

$\sqrt{14}$, $\sqrt{38}$ ও $\sqrt{24}$ এর যেকোনো দুইটির সমষ্টি তৃতীয়টি অপেক্ষা বৃহত্তর এবং $(\sqrt{14})^2 + (\sqrt{24})^2 = 14 + 24 = 38 = (\sqrt{38})^2$

$\therefore$ প্রদত্ত ভেক্টর তিনটি একটি সমকোণী ত্রিভুজ গঠন করে।

2. ABC ত্রিভুজের BC, CA , AB বাহুগুলির মধ্যবিন্দু যথাক্রমে D, E , F ।

(a) $\hat{i}-\hat{j}+\hat{k}, 2\hat{i}+2\hat{j}-\hat{k}, \lambda\hat{i}-\hat{j}+\lambda\hat{k}$ **ভেক্টর তিনটি সমতলীয় হলে λ এর মান নির্ণয় কর।**

সমাধান : $\hat{i}-\hat{j}+\hat{k}, 2\hat{i}+2\hat{j}-\hat{k}$ ও $\lambda\hat{i}-\hat{j}+\lambda\hat{k}$ ভেক্টর তিনটি সমতলীয় বলে,

$$\begin{vmatrix} 1 & -1 & 1 \\ 2 & 2 & -1 \\ \lambda & -1 & \lambda \end{vmatrix} = 0$$

$\Rightarrow 2\lambda - 1 + 2\lambda + \lambda - 2 - 2\lambda = 0$

$\Rightarrow 3\lambda - 3 = 0 \Rightarrow \lambda = 1$ (Ans.)

(b) প্রমাণ কর যে, $\overrightarrow{AD} + \overrightarrow{BE} + \overrightarrow{CF} = \underline{0}$

প্রমাণ: প্রশ্নমালা IIA এর উদাহরণ 1(c)

(c) ভেক্টর পদ্ধতিতে দেখাও যে, AD, BE ও CF সমবিন্দু।

প্রমাণ: প্রশ্নমালা IIC এর 2 নং প্রশ্ন।

3. $\overline{A} = 2\hat{i} - 6\hat{j} + 3\hat{k}$, $\overline{B} = 3\hat{i} + 2\hat{j} - 4\hat{k}$

(a) P(3, −1, 4), Q(4, − 3, −2) হলে y-অক্ষের উপর $\overrightarrow{PQ}$ এর অভিক্ষেপ নির্ণয় কর।

সমাধান:

$\overrightarrow{PQ} = (4-3)\hat{i} + (-3+1)\hat{j} + (-2-4)\hat{k}$

$= \hat{i} - 2\hat{j} - 6\hat{k}$

$\therefore$ y-অক্ষের উপর $\overrightarrow{PQ}$ এর অভিক্ষেপ − 2

(b) $\overline{A}$ ও $\overline{B}$ এর লব্ধি বল এবং $\overline{A}$ এর মধ্যবর্তী কোণ নির্ণয় কর।

সমাধান: $\overline{A}$ ও $\overline{B}$ এর লব্ধি বল $= \overline{A} + \overline{B}$

$= 2\hat{i} - 6\hat{j} + 3\hat{k} + 3\hat{i} + 2\hat{j} - 4\hat{k}$

$= 5\hat{i} - 4\hat{j} - \hat{k}$

ধরি, $\overline{A} + \overline{B}$ ও $\overline{A}$ এর মধ্যবর্তী কোণ θ.

$$\therefore \cos\theta = \frac{(\overline{A}+\overline{B})\cdot\overline{A}}{|\overline{A}+\overline{B}||\overline{A}|}$$

$$= \frac{(5\hat{i}-4\hat{j}-\hat{k})\cdot(2\hat{i}-6\hat{j}+3\hat{k})}{|5\hat{i}-4\hat{j}-\hat{k}||(2\hat{i}-6\hat{j}+3\hat{k})|}$$

$$= \frac{5\times3+(-4)\times(-6)+(-1)\times3}{\sqrt{5^2+4^2+1^2}\sqrt{2^2+6^2+3^2}}$$

$$= \frac{15+24-3}{\sqrt{25+16+1}\times\sqrt{4+36+9}}$$

$$= \frac{36}{\sqrt{42}\times\sqrt{49}} = \frac{36}{\sqrt{42}\times7} = \frac{36}{7\sqrt{42}}$$

$$\therefore \theta = \cos^{-1}\left(\frac{36}{7\sqrt{42}}\right)$$

$\therefore$ ভেক্টর দুইটির অন্তর্ভুক্ত কোণ $\cos^{-1}\left(\frac{36}{7\sqrt{42}}\right)$

(c) $\overline{A}$ ও $\overline{B}$ ভেক্টরদ্বয়ের উপর লম্ব একক ভেক্টর নির্ণয় কর।

সমাধান : $\overline{A}$ ও $\overline{B}$ ভেক্টর দুইটি দ্বারা গঠিত সমতলের উপর একটি লম্ব ভেক্টর,

$$\overline{A}\times\overline{B} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 2 & -6 & 3 \\ 3 & 2 & -4 \end{vmatrix}$$

$= (24-6)\hat{i} - (-8-9)\hat{j} + (4+18)\hat{k}$

$= 18\hat{i} + 17\hat{j} + 22\hat{k}$

$\therefore |\overline{A}\times\overline{B}| = \sqrt{18^2+17^2+22^2}$

$= \sqrt{324+289+484}$

$= \sqrt{1097}$

$$\therefore \text{নির্ণেয় একক ভেক্টর} = \pm\frac{\overline{A}\times\overline{B}}{|\overline{A}\times\overline{B}|}$$

4. মূলবিন্দু O এর সাপেক্ষে A ও B এর অবস্থান ভেক্টর যথাক্রমে $\underline{a} = 2\hat{i} - 3\hat{j} - \hat{k}$ ও $\underline{b} = \hat{i} + 4\hat{j} + 3\hat{k}$ ।

(a) $\underline{a}\times\underline{b}$ নির্ণয় কর।

সমাধান: $\underline{a}\times\underline{b} = (2\hat{i} - 3\hat{j} - \hat{k})\times(\hat{i} + 4\hat{j} + 3\hat{k})$

$$= \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 2 & -3 & -1 \\ 1 & 4 & 3 \end{vmatrix}$$

$= (-9+4)\hat{i} - (6+1)\hat{j} + (8+3)\hat{k}$

$= -5\hat{i} - 7\hat{j} + 11\hat{k}$ **(Ans.)**

(b) AB এর মধ্যবিন্দুগামী এবং $\overrightarrow{AB}$ ভেক্টরের সমান্তরাল সরলরেখার ভেক্টর সমীকরণ হতে কার্তেসীয় সমীকরণ নির্ণয় কর।

AB এর মধ্যবিন্দুর অবস্থান ভেক্টর $= \frac{1}{2}(\underline{a} + \underline{b})$

$= \frac{1}{2}(2\hat{i} - 3\hat{j} - \hat{k} + \hat{i} + 4\hat{j} + 3\hat{k})$

$= \frac{3}{2}\hat{i} + \frac{1}{2}\hat{j} + \hat{k} = \underline{c}$ (ধরি)

$\overrightarrow{AB} = (\hat{i}+4\hat{j}+3\hat{k}) - (2\hat{i}-3\hat{j}-\hat{k})$
$= -\hat{i}+7\hat{j}+4\hat{k}$

$A(\underline{c})$ বিন্দুগামী এবং $\overrightarrow{AB} = \underline{d}$ ভেক্টরের সমান্তরাল সরলরেখার ভেক্টর সমীকরণ

$\underline{r} = \underline{c} + t\underline{d}$

$\Rightarrow \underline{r} = \frac{3}{2}\hat{i}+\frac{1}{2}\hat{j}+\hat{k}+t(-\hat{i}+7\hat{j}+4\hat{k})$

$\therefore\ x\hat{i}+y\hat{j}+z\hat{k} = \frac{3}{2}\hat{i}+\frac{1}{2}\hat{j}+\hat{k} + t(-\hat{i}+7\hat{j}+4\hat{k})$

$(x-\frac{3}{2})\hat{i}+(y-\frac{1}{2})\hat{j}+(z-1)\hat{k} = t(-\hat{i}+7\hat{j}+4\hat{k})$

$\therefore$ নির্ণেয় কার্তেসীয় সমীকরণ,

$$\frac{x-\frac{3}{2}}{-1} = \frac{y-\frac{1}{2}}{7} = \frac{z-1}{4}$$

(c) OAB ত্রিভুজটির বৃহত্তম কোণ নির্ণয় কর।

দেওয়া আছে, OAB ত্রিভুজে,

$\overrightarrow{OA} = 2\hat{i}-3\hat{j}-\hat{k}$

$\therefore\ OA = |\overrightarrow{OA}|$
$= \sqrt{4+9+1} = \sqrt{14}$

$\overrightarrow{OB} = \hat{i}+4\hat{j}+3\hat{k}$

$\therefore\ OB = |\overrightarrow{OB}|$
$= \sqrt{1+16+9} = \sqrt{21}$

এবং $\overrightarrow{AB} = \sqrt{66}$



$\therefore\ \angle AOB$ বৃহত্তম কোণ।

এখন, $\cos AOB = \frac{\overrightarrow{OA}\cdot\overrightarrow{OB}}{|\overrightarrow{OA}||\overrightarrow{OB}|}$

$= \frac{(2\hat{i}-3\hat{j}-\hat{k})\cdot(\hat{i}+4\hat{j}+3\hat{k})}{\sqrt{4+9+1}\ \sqrt{1+16+9}}$

$= \frac{2-12-3}{\sqrt{14}\ \sqrt{26}} = \frac{-13}{\sqrt{364}}$

$\therefore\ \angle AOB = \cos^{-1}(\frac{-13}{\sqrt{364}})$ (Ans.)

5. $\overline{P} = \overrightarrow{OA} = 3\hat{i}-3\hat{j}+4\hat{k}$,
$\overline{Q} = \overrightarrow{OB} = 3\hat{i}-2\hat{j}+4\hat{k}$, O মূলবিন্দু।

(a) $|\overline{P}+\overline{Q}|$ নির্ণয় কর।

সমাধান :

$\overline{P}+\overline{Q} = 3\hat{i}-3\hat{j}+4\hat{k}+3\hat{i}-2\hat{j}+4\hat{k}$
$= 6\hat{i}-5\hat{j}+8\hat{k}$

$\therefore\ |\overline{P}+\overline{Q}| = \sqrt{6^2+5^2+8^2} = \sqrt{36+25+64}$
$= \sqrt{125} = 5\sqrt{5}$

(b) (2, 4, 6) বিন্দুগামী $\overrightarrow{AB}$ এর সমান্তরাল সরলরেখার কার্তেসীয় সমীকরণ নির্ণয় কর।

সমাধান : $\overrightarrow{AB} = \overrightarrow{OB} - \overrightarrow{OA}$
$= 3\hat{i}-2\hat{j}+4\hat{k}-(3\hat{i}-3\hat{j}+4\hat{k})$
$= 3\hat{i}-2\hat{j}+4\hat{k}-3\hat{i}+3\hat{j}-4\hat{k} = \hat{j}$

(2, 4, 6) বিন্দুর অবস্থান ভেক্টর,

$\underline{a} = 2\hat{i}+4\hat{j}+6\hat{k}$

$\therefore$ (2, 4, 6) বিন্দুগামী $\overrightarrow{AB}$ এর সমান্তরাল সরলরেখার ভেক্টর সমীকরণ,

$\underline{r} = \underline{a} + t\overrightarrow{AB}$

$\Rightarrow x\hat{i}+y\hat{j}+z\hat{k} = 2\hat{i}+4\hat{j}+6\hat{k}+t\hat{j}$

$\Rightarrow (x-2)\hat{i}+(y-4)\hat{j}+(z-6)\hat{k} = t(0\hat{i}+1\hat{j}+0\hat{k})$

উভয় পক্ষ হতে $\hat{i}, \hat{j}, \hat{k}$ এর সহগ সমীকৃত করে পাই, $x-2 = 0t,\ y-4 = t,\ z-6 = 0t$

$\therefore$ নির্ণেয় সরলরেখার কার্তেসীয় সমীকরণ,

$$\frac{x-2}{0} = \frac{y-4}{1} = \frac{z-6}{0} (= t)$$

(c) **AB** এর মধ্যবিন্দু হতে **OA** এর লম্ব দূরত্ব নির্ণয় কর।

সমাধান :



AB এর মধ্যবিন্দু হলে C, $\overrightarrow{OC}=\frac{1}{2}(\overrightarrow{OA}+\overrightarrow{OB})$

$$\Rightarrow \overrightarrow{OC}=\frac{1}{2}(3\hat{i}-3\hat{j}+4\hat{k}+3\hat{i}-2\hat{j}+4\hat{k})$$

$$=3\hat{i}-\frac{5}{2}\hat{j}+4\hat{k}$$

C হতে OA এর লম্ব দূরত্ব $=\frac{|\overrightarrow{OC}\times\overrightarrow{OA}|}{|\overrightarrow{OA}|}$

এখন, $\overrightarrow{OC}\times\overrightarrow{OA}=\begin{vmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 3 & -5/2 & 4\\ 3 & -3 & 4\end{vmatrix}$

$$=(-10+12)\hat{i}-(12-12)\hat{j}+(-9+\frac{15}{2})\hat{k}$$

$$=2\hat{i}-\frac{3}{2}\hat{k}$$

নির্ণেয় লম্ব দূরত্ব $=\frac{|2\hat{i}-\frac{3}{2}\hat{k}|}{|3\hat{i}-3\hat{j}+4\hat{k}|}$

$$=\frac{\sqrt{4+\frac{9}{4}}}{\sqrt{9+9+16}}=\frac{5/2}{\sqrt{34}}=\frac{5}{2\sqrt{34}}$$ একক

6. $\overline{A}=3\hat{i}+2\hat{j}+\hat{k}$ এবং $\overline{B}=\hat{i}-3\hat{j}+5\hat{k}$

(a) $\overline{A}$ ও $\overline{B}$ স্কেলার গুণনের বিনিময় সূত্র মেনে চলে -ব্যাখ্যা কর।

সমাধান : $\overline{A}\cdot\overline{B}=(3\hat{i}+2\hat{j}+\hat{k})\cdot(\hat{i}-3\hat{j}+5\hat{k})$

$=3\times1+2\times(-3)+1\times5=3-6+5=2$

$\overline{B}\cdot\overline{A}=(\hat{i}-3\hat{j}+5\hat{k})\cdot(3\hat{i}+2\hat{j}+\hat{k})$

$=1\times3+(-3)\times2+5\times1=3-6+5=2$

$\therefore$ $\overline{A}\cdot\overline{B}=3=\overline{B}\cdot\overline{A}$

$\therefore$ $\overline{A}$ ও $\overline{B}$ স্কেলার গুণনের বিনিময় সূত্র মেনে চলে।

(b) $(\overline{A}+\overline{B})$ এর উপর $(\overline{A}-\overline{B})$ এর অভিক্ষেপ নির্ণয় কর।

সমাধান: $\overline{A}+\overline{B}=(\hat{i}-3\hat{j}+5\hat{k})+(3\hat{i}+2\hat{j}+\hat{k})$

$=4\hat{i}-\hat{j}+6\hat{k}$

$\overline{A}-\overline{B}=(3\hat{i}+2\hat{j}+\hat{k})-(\hat{i}-3\hat{j}+5\hat{k})$

$=2\hat{i}+5\hat{j}-4\hat{k}$

$\therefore$ $(\overline{A}+\overline{B})$ এর উপর $(\overline{A}-\overline{B})$ এর অভিক্ষেপ

$$=\frac{(\overline{A}+\overline{B})\cdot(\overline{A}-\overline{B})}{|\overline{A}+\overline{B}|}$$

$$=\frac{(4\hat{i}-\hat{j}+6\hat{k})\cdot(2\hat{i}+5\hat{j}-4\hat{k})}{|4\hat{i}-\hat{j}+6\hat{k}|}$$

$$=\frac{8-5-24}{\sqrt{4^2+(-1)^2+6^2}}=\frac{-21}{\sqrt{16+1+36}}$$

= (Ans.)

(c) $\overline{A}$ ও $\overline{B}$ সামান্তরিকের সন্নিহিত বাহু ধরে সামান্তরিকটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : $\overline{A}\times\overline{B}=\begin{vmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 3 & 2 & 1\\ 1 & -3 & 5\end{vmatrix}$

$=(10+3)\hat{i}-(15-1)\hat{j}+(-9-2)\hat{k}$

$=13\hat{i}-14\hat{j}-11\hat{k}$

$\therefore$ সামান্তরিকের নির্ণেয় ক্ষেত্রফল $=|\overline{A}\times\overline{B}|$

$=\sqrt{13^2+(-14)^2+(-11)^2}$

$=\sqrt{169+196+121}=\sqrt{486}$ বর্গ একক।

7. $\overline{A}=2\hat{i}+\hat{j}+\hat{k}$, $\overline{B}=3\hat{i}-\hat{j}+\hat{k}$

(a) $\overline{A}$ বিন্দুগামী এবং $\overline{B}$ এর সমান্তরাল সরলরেখার ভেক্টর সমীকরণ হতে কার্তেসীয় সমীকরণ নির্ণয় কর।

সমাধান: $\overline{A}$ বিন্দুগামী এবং $\overline{B}$ এর সমান্তরাল সরলরেখার ভেক্টর সমীকরণ,

$\underline{r}=\overline{A}+t\overline{B}$; যেখানে t একটি প্যারামিটার।

$\Rightarrow \underline{r}=2\hat{i}+\hat{j}+\hat{k}+t(3\hat{i}-\hat{j}+\hat{k})$

নির্ণেয় কার্তেসীয় সমীকরণ,

$$\frac{x-2}{3}=\frac{y-1}{-1}=\frac{z-1}{1} \quad \text{(Ans)}$$

(b) $\overline{A}$ বরাবর $\overline{A}$ ও $\overline{B}$ এর লব্ধি ভেক্টরের উপাংশের একক ভেক্টর নির্ণয় কর।

$\overline{A}$ ও $\overline{B}$ এর লব্ধি ভেক্টর $=\overline{A}+\overline{B}$

$=2\hat{i}+\hat{j}+\hat{k}+3\hat{i}-\hat{j}+\hat{k}$

$=\hat{i}+0\hat{j}+2\hat{k}$

$\overline{A}$ বরাবর $\overline{A}+\overline{B}$ এর উপাংশ

$$=\frac{\overline{A}\cdot(\overline{A}+\overline{B})}{|\overline{A}|^2}\overline{A}$$

$$=\frac{(2\hat{i}+\hat{j}+\hat{k}).(\hat{i}+0\hat{j}+2\hat{k})}{|2\hat{i}+\hat{j}+\hat{k}|}(2\hat{i}+\hat{j}+\hat{k})$$

$$=\frac{2+0+2}{\sqrt{4+1+1}}(2\hat{i}+\hat{j}+\hat{k})$$

$$=\frac{4}{\sqrt{6}}(2\hat{i}+\hat{j}+\hat{k}) \quad \text{(Ans.)}$$

(c) একটি একক ভেক্টর নির্ণয় কর যা $\overline{A}$ ও $\overline{B}$ এর সাথে সমতলীয় এবং $\overline{A}$ এর উপর লম্ব।

সমাধান : ধরি, $\overline{A}=2\hat{i}+\hat{j}+\hat{k}$ ও $\overline{B}=3\hat{i}-\hat{j}+\hat{k}$ এর সাথে সমতলীয় যেকোনো ভেক্টর $\lambda(2\hat{i}+\hat{j}+\hat{k})+\mu(3\hat{i}-\hat{j}+\hat{k})$

অর্থাৎ $(2\lambda+3\mu)\hat{i}+(\lambda-\mu)\hat{j}+(\lambda+\mu)\hat{k}$

এ ভেক্টর $\overline{A}$-এর উপর লম্ব হলে,

$(2\lambda+3\mu)(2)+(\lambda-\mu)(1)+(\lambda+\mu)(1)=0$

$\Rightarrow 4\lambda+6\mu+\lambda-\mu+\lambda+\mu=0$

$\Rightarrow 6\lambda=-6\mu \Rightarrow \lambda=-\mu$

$\therefore$ $\overline{A}$-এর উপর লম্ব ভেক্টরটি হচ্ছে,

$(-2\mu+3\mu)\hat{i}+(-\mu-\mu)\hat{j}+(-\mu+\mu)\hat{k}$

$=\mu\hat{i}-2\mu\hat{j}$

$\therefore$ নির্ণেয় একক ভেক্টর $=\pm\dfrac{\mu\hat{i}-2\mu\hat{j}}{\sqrt{\mu^2+4\mu^2}}$

$$=\pm\frac{\mu(\hat{i}-2\hat{j})}{\sqrt{5}\mu}=\pm\frac{1}{\sqrt{5}}(\hat{i}-2\hat{j}) \quad \text{(Ans.)}$$

8. $\overrightarrow{OA}=2\hat{i}-3\hat{j}+5\hat{k}$, $\overrightarrow{OB}=2\hat{i}+2\hat{j}-3\hat{k}$ এবং O মূলবিন্দু।

(a) $3\hat{j}+5\hat{k}$ **কোন তলে অবস্থান করে - ব্যাখ্যা কর।**

সমাধান: $3\hat{j}+5\hat{k}$ ভেক্টরের অভিক্ষেপ ধনাত্মক y-অক্ষের উপর 3 এবং ধনাত্মক z –অক্ষের উপর 5. সুতরাং প্রদত্ত ভেক্টরটি YOZ অর্থাৎ yz তলে অবস্থিত।

(b) (1, 3, −5) বিন্দুগামী $\overrightarrow{AB}$ এর সমান্তরাল সরলরেখার কার্তেসীয় সমীকরণ নির্ণয় কর।

সমাধান: $\overrightarrow{AB}=\overrightarrow{OB}-\overrightarrow{OA}$

$=2\hat{i}+2\hat{j}-3\hat{k}-(2\hat{i}-3\hat{j}+5\hat{k})$

$=2\hat{i}+2\hat{j}-3\hat{k}-2\hat{i}+3\hat{j}-5\hat{k}$

$=0\hat{i}+5\hat{j}-8\hat{k}$

এখন, (1, 3, −5) বিন্দুগামী $0\hat{i}+5\hat{j}-8\hat{k}$ এর সমান্তরাল সরলরেখার কার্তেসীয় সমীকরণ

$$\frac{x-1}{0}=\frac{y-3}{5}=\frac{y+5}{-8}(=t)$$

(c) AB এর মধ্যবিন্দু D হলে, ΔOAD এর ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান: ধরি, AB এর মধ্যবিন্দু D.

$$\therefore \overrightarrow{OD}=\frac{1}{2}(\overrightarrow{OA}+\overrightarrow{OB})$$

$$=\frac{1}{2}(2\hat{i}-3\hat{j}+5\hat{k}+2\hat{i}+2\hat{j}-3\hat{k})$$

$$=\frac{1}{2}(4\hat{i}-\hat{j}+2\hat{k})=2\hat{i}-\frac{1}{2}\hat{j}+\hat{k}$$

ΔOAD এর ক্ষেত্রফল $=\dfrac{1}{2}|\overrightarrow{OA}\times\overrightarrow{OD}|$

এখন, $\overrightarrow{OA}\times\overrightarrow{OD}=\begin{vmatrix}\hat{i} & \hat{j} & \hat{k}\\ 2 & -3 & 5\\ 2 & -1/2 & 1\end{vmatrix}$

$$=(-3+\frac{5}{2})\hat{i}-(2-10)\hat{j}+(-1+6)\hat{k}$$

$$=-\frac{1}{2}\hat{i}+8\hat{j}+5\hat{k}$$

$$= -\frac{1}{2}\hat{i}+8\hat{j}+5\hat{k}$$

$\therefore$ ΔOAD এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\left|-\frac{1}{2}\hat{i}+8\hat{j}+5\hat{k}\right|$

$$= \frac{1}{2}\sqrt{\frac{1}{4}+64+25} = \frac{\sqrt{357}}{4} \text{ বর্গ একক।}$$

9. চিত্রে, **OABC** একটি সামান্তরিক।



(a) $|\overrightarrow{AC}|$ এর মান নির্ণয় কর।

সমাধান:

$$\overrightarrow{AC} = (4-1)\hat{i}+(3-1)\hat{j}+(-2-1)\hat{k}$$
$$= 3\hat{i}+2\hat{j}-3\hat{k}$$
$$\therefore\ |\overrightarrow{AC}| = \sqrt{3^2+2^2+(-3)^2}$$
$$= \sqrt{9+4+9} = \sqrt{22}\ \text{(Ans.)}$$

(b) AB এর ভেক্টর সমীকরণ নির্ণয় কর।

সমাধান: ধরি, (1, 1 , 1) বিন্দুর অবস্থান ভেক্টর $\underline{a} = \hat{i}+\hat{j}+\hat{k}$ এবং $\overrightarrow{OC} = 4\hat{i}+3\hat{j}-2\hat{k} = \underline{b}$

$\therefore$ A(1, 1, 1) বিন্দুগামী এবং OC বাহুর সমান্তরাল AB বাহুর ভেক্টর সমীকরণ,

$\underline{r} = \underline{a} + t\underline{b}$; যেখানে t একটি প্যারামিটার।

$$\Rightarrow\ \underline{r} = \hat{i}+\hat{j}+\hat{k}+t(4\hat{i}+3\hat{j}-2\hat{k})$$

(c) **A ও B বিন্দুদ্বয় যে তলে অবস্থিত তার উপর লম্ব একক ভেক্টর নির্ণয় কর।**

সমাধান: A বিন্দুর অবস্থান ভেক্টর $\overline{A} = \hat{i}+\hat{j}+\hat{k}$ এবং B বিন্দুর অবস্থান ভেক্টর $\overline{B} = 4\hat{i}+3\hat{j}-2\hat{k}$.

A ও B বিন্দুদ্বয় যে তলে অবস্থিত তার উপর লম্ব একক ভেক্টর $= \pm\frac{\overline{A}\times\overline{B}}{|\overline{A}\times\overline{B}|}$

এখন, $\overline{A}\times\overline{B} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 1 & 1 & 1 \\ 4 & 3 & -2 \end{vmatrix}$

$$= (-2-3)\hat{i}-(-2-4)\hat{j}+(3-4)\hat{k}$$
$$= -5\hat{i}+6\hat{j}-\hat{k}$$
$$\therefore\ |\overline{A}\times\overline{B}| = \sqrt{25+36+1} = \sqrt{62}$$

$\therefore$ নির্ণেয় একক ভেক্টর $= \pm\frac{-5\hat{i}+6\hat{j}-\hat{k}}{\sqrt{62}}$

10. $\overline{A} = 3\hat{i}+\lambda\hat{j}-5\hat{k}$, $\overline{B} = 2\hat{i}-6\hat{j}+3\hat{k}$, $\overline{C} = 5\hat{i}-3\hat{j}+6\hat{k}$

(a) **$\overline{A}$ ও $\overline{B}$ ভেক্টর দুইটির মধ্যবর্তী কোণ সূক্ষ্মকোণ হলে λ এর মান নির্ণয় কর।**

সমাধান: $\overline{A}$ ও $\overline{B}$ ভেক্টর দুইটির মধ্যবর্তী কোণ সূক্ষ্মকোণ ।

$$\therefore\ \overline{A}\cdot\overline{B} > 0$$
$$\Rightarrow (3\hat{i}+\lambda\hat{j}-5\hat{k})\cdot(2\hat{i}-6\hat{j}+3\hat{k})$$
$$\Rightarrow 6-6\lambda-15 > 0 \Rightarrow -6\lambda > 9 \Rightarrow \lambda < \frac{3}{2}$$

(b) $\overline{B}$ ও $\overline{C}$ কোনো ত্রিভুজের বাহু হলে ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : $\overline{B}\times\overline{C} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 2 & -6 & 3 \\ 5 & -3 & 6 \end{vmatrix}$

$$= (-36+9)\hat{i}-(12-15)\hat{j}+(-6+30)\hat{k}$$
$$= -27\hat{i}+3\hat{j}+24\hat{k}$$

$\therefore$ ত্রিভুজটির নির্ণেয় ক্ষেত্রফল $= \frac{1}{2}|\overline{B}\times\overline{C}|$

$$= \frac{1}{2}\sqrt{(-27)^2+(3)^2+(24)^2}$$
$$= \frac{1}{2}\sqrt{729+9+576} = \frac{1}{2}\sqrt{1314} \text{ বর্গ একক}$$

(c) $\overline{A}$ এর দিকে একক ভেক্টর $\hat{A}$ নির্ণয় কর যা $\overline{B}$ ও $\overline{C}$ এর সাথে সমতলীয়।

সমাধান: ধরি, $\overline{B} = 2\hat{i} - 6\hat{j} + 3\hat{k}$ ও

$\overline{C} = 5\hat{i} - 3\hat{j} + 6\hat{k}$ এর সাথে সমতলীয় যেকোনো ভেক্টর $\alpha(2\hat{i} - 6\hat{j} + 3\hat{k}) + \mu(5\hat{i} - 3\hat{j} + 6\hat{k})$

অর্থাৎ, $(2\alpha + 5\mu)\hat{i} + (-6\alpha - 3\mu)\hat{j} + (3\alpha + 6\mu)\hat{k}$

এ ভেক্টরের দিক ও $\overline{A} = 3\hat{i} + \lambda\hat{j} - 5\hat{k}$ -এর দিক একই হলে,

$$\frac{2\alpha + 5\mu}{3} = \frac{-6\alpha - 3\mu}{\lambda} = \frac{3\alpha + 6\mu}{-5}$$

১ম ও শেষ অনুপাত হতে পাই, $\frac{2\alpha + 5\mu}{3} = \frac{3\alpha + 6\mu}{-5}$

$$\Rightarrow 9\alpha + 18\mu = -10\alpha - 25\mu$$

$$\Rightarrow 19\alpha = -43\mu \ \square\ \alpha = -\frac{43}{19}\mu$$

$\therefore$ $\overline{A}$ -এর দিকে ভেক্টরটি হচ্ছে,

$$\left(-\frac{86}{19}\mu + 5\mu\right)\hat{i} + \left(\frac{256}{19}\mu - 3\mu\right)\hat{j} + \left(-\frac{129}{19}\mu + 6\mu\right)\hat{k}$$

$$= \frac{-86 + 95}{19}\mu\,\hat{i} + \frac{256 - 57}{19}\mu\,\hat{j} + \frac{-129 + 114}{19}\mu\,\hat{k}$$

$$= \frac{9}{19}\mu\,\hat{i} + \frac{199}{19}\mu\,\hat{j} - \frac{15}{19}\mu\,\hat{k}$$

$\therefore$ $\overline{A}$ এর দিকে একক ভেক্টর

$$\hat{A} = \frac{\frac{9}{19}\mu\hat{i} + \frac{199}{19}\mu\hat{j} - \frac{15}{19}\mu\hat{k}}{\sqrt{(\frac{9}{19}\mu)^2 + (\frac{199}{19}\mu)^2 + (-\frac{15}{19}\mu)^2}}$$

$$= \frac{9\hat{i} + 199\hat{j} - 15\hat{k}}{\sqrt{81 + 39601 + 225}}$$

$$= \frac{9\hat{i} + 199\hat{j} - 15\hat{k}}{\sqrt{39907}}$$

11. OA ও OB এর মধ্যবিন্দু যথাক্রমে P ও Q.



(a) AB এর ভেক্টর সমীকরণ নির্ণয় কর।

সমাধান: মনে করি, (2, 2, 2) বিন্দুর অবস্থান ভেক্টর $\underline{a} = 2\hat{i} + 2\hat{j} + 2\hat{k}$ এবং (3, 2, −1) বিন্দুর অবস্থান ভেক্টর $\underline{b} = 3\hat{i} + 2\hat{j} - \hat{k}$.

$\underline{a}$ ও $\underline{b}$ বিন্দুগামী সরলরেখার ভেক্টর সমীকরণ

$$\underline{r} = \underline{a} + t(\underline{b} - \underline{a})$$

$$\Rightarrow \underline{r} = 2\hat{i} + 2\hat{j} + 2\hat{k} + t\{(3\hat{i} + 2\hat{j} - \hat{k}) - (2\hat{i} + 2\hat{j} + 2\hat{k})\}$$

$$\Rightarrow \underline{r} = 2\hat{i} + 2\hat{j} + 2\hat{k} + t(\hat{i} - 3\hat{k}) \text{ (Ans.)}$$

(b) ভেক্টর পদ্ধতিতে প্রমাণ কর যে, PQ || AB

প্রমাণ:



$$\overrightarrow{OP} = \frac{1}{2}\overrightarrow{OA} = \frac{1}{2}(2\hat{i} + 2\hat{j} + 2\hat{k})$$

$$= \hat{i} + \hat{j} + \hat{k}$$

$$\overrightarrow{OQ} = \frac{1}{2}\overrightarrow{OB} = \frac{1}{2}(3\hat{i} + 2\hat{j} - \hat{k})$$

$$= \frac{3}{2}\hat{i} + \hat{j} - \frac{1}{2}\hat{k}$$

$\therefore$ $\overrightarrow{PQ} = \overrightarrow{OQ} - \overrightarrow{OP}$

$$= \frac{3}{2}\hat{i} + \hat{j} - \frac{1}{2}\hat{k} - \hat{i} - \hat{j} - \hat{k} = \frac{1}{2}\hat{i} - \frac{3}{2}\hat{k}$$

$\therefore$ $\overrightarrow{AB}$ ও $\overrightarrow{PQ}$ ভেক্টরদ্বয়ের মধ্যে, $\hat{i}$ এর সহগদ্বয়ের অনুপাত $\frac{1}{1/2} = 2:1$ এবং $\hat{k}$ এর সহগদ্বয়ের

অনুপাত $\frac{-3}{-3/2} = 2:1$ পরস্পর সমান।

$\therefore$ $PQ || AB$.

[বি.দ্র.: $\overrightarrow{AB} \times \overrightarrow{PQ} = \overline{0}$ দেখিয়ে $PQ || AB$ প্রমাণ করা যায়।]

(c) $\overrightarrow{OA}$ ও $\overrightarrow{OB}$ কে সামান্তরিকের সন্নিহিত বাহু ধরে সামান্তরিকটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : $\overrightarrow{OA} \times \overrightarrow{OB} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 2 & 2 & 2 \\ 3 & 2 & -1 \end{vmatrix}$

$= (-2-4)\hat{i} - (-2-6)\hat{j} + (4-6)\hat{k}$

$= -6\hat{i} + 8\hat{j} - 2\hat{k}$

$\therefore$ সামান্তরিকের নির্ণেয় ক্ষেত্রফল $= |\overrightarrow{OA} \times \overrightarrow{OB}|$

$= \sqrt{(-6)^2 + (8)^2 + (-2)^2}$

$= \sqrt{36+64+4} = \sqrt{104} = 2\sqrt{26}$ বর্গ একক ।

12. P ও Q বিন্দুর অবস্থান ভেক্টর $\overline{P} = 3\hat{i} + 2\hat{j} + \hat{k}$, $\overline{Q} = 2\hat{i} + 2\hat{j} - 2\hat{k}$

(a) PQ এর ভেক্টর সমীকরণ হতে এর কার্তেসীয় সমীকরণ নির্ণয় কর।

সমাধান : PQ এর ভেক্টর সমীকরণ

$\underline{r} = \overline{P} + t(\overline{Q} - \overline{P})$

$\Rightarrow \underline{r} = 3\hat{i} + 2\hat{j} + \hat{k} + t\{(2\hat{i} + 2\hat{j} - 2\hat{k}) - (3\hat{i} + 2\hat{j} + \hat{k})\}$

$\Rightarrow \underline{r} = 3\hat{i} + 2\hat{j} + \hat{k} + t(-\hat{i} + 0\hat{j} - 3\hat{k})$

এর ভেক্টর সমীকরণ,

$\frac{x-3}{-1} = \frac{y-2}{0} = \frac{z-1}{-3}$ (Ans.)

(b) অভিক্ষেপ ব্যবহার করে $\overline{P}$ বরাবর $\overline{Q}$ এর অংশক নির্ণয় কর।

সমাধান : $\overline{P}$ ভেক্টরের উপর $\overline{Q}$ ভেক্টরের অভিক্ষেপ

$= \frac{\overline{P} \cdot \overline{Q}}{|\overline{Q}|} = \frac{(3\hat{i} + 2\hat{j} + \hat{k}) \cdot (2\hat{i} + 2\hat{j} - 2\hat{k})}{|2\hat{i} + 2\hat{j} - 2\hat{k}|}$

$= \frac{6+4-2}{\sqrt{2^2 + 2^2 + 2^2}} = \frac{8}{\sqrt{12}} = \frac{8}{2\sqrt{3}} = \frac{4}{\sqrt{3}}$

$\overline{P}$ ভেক্টর বরাবর একক ভেক্টর $= \frac{\overline{P}}{|\overline{P}|}$

$= \frac{3\hat{i} + 2\hat{j} + \hat{k}}{|3\hat{i} + 2\hat{j} + \hat{k}|} = \frac{3\hat{i} + 2\hat{j} + \hat{k}}{\sqrt{9+4+1}}$

$= \frac{3\hat{i} + 2\hat{j} + \hat{k}}{\sqrt{14}}$

$\therefore$ $\overline{P}$ বরাবর $\overline{Q}$ এর অংশক $= \frac{4}{\sqrt{3}} \frac{3\hat{i} + 2\hat{j} + \hat{k}}{\sqrt{14}}$

$= \frac{4}{\sqrt{42}}(3\hat{i} + 2\hat{j} + \hat{k})$

(c) $\overline{P}$ ও $\overline{Q}$ কে সামান্তরিকের সন্নিহিত বাহু ধরে সামান্তরিকটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : $\overline{P}$ ও $\overline{Q}$ কে সামান্তরিকের সন্নিহিত বাহু ধরে সামান্তরিকটির ক্ষেত্রফল $= |\overline{P} \times \overline{Q}|$

এখন, $\overline{P} \times \overline{Q} = \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 3 & 2 & 1 \\ 2 & 2 & -2 \end{vmatrix}$

$= (-4-2)\hat{i} - (-6-2)\hat{j} + (6-4)\hat{k}$

$= -6\hat{i} + 8\hat{j} + 2\hat{k}$

$\therefore$ $|\overline{P} \times \overline{Q}| = \sqrt{6^2 + 8^2 + 2^2}$

$= \sqrt{36+64+4} = \sqrt{104} = 2\sqrt{26}$

$\therefore$ নির্ণেয় ক্ষেত্রফল $2\sqrt{26}$ বর্গ একক।

13.



(a) BC এর ভেক্টর সমীকরণ নির্ণয় কর।

সমাধান : মনে করি, (2, −5, 1) বিন্দুর অবস্থান ভেক্টর $\underline{a} = 2\hat{i} - 5\hat{j} + \hat{k}$ এবং (2, 2, −2) বিন্দুর অবস্থান ভেক্টর $\underline{b} = 2\hat{i} + 2\hat{j} - 2\hat{k}$.

$\underline{a}$ ও $\underline{b}$ বিন্দুগামী BC সরলরেখার ভেক্টর সমীকরণ

$$\underline{r} = \underline{a} + t(\underline{b} - \underline{a})$$

$$\Rightarrow \underline{r} = 2\hat{i} - 5\hat{j} + \hat{k} + t\{(2\hat{i} + 2\hat{j} - 2\hat{k}) - (2\hat{i} - 5\hat{j} + \hat{k})\}$$

$$\Rightarrow \underline{r} = 2\hat{i} - 5\hat{j} + \hat{k} + t(7\hat{j} - 3\hat{k}) \text{ (Ans.)}$$

(b) $\overrightarrow{OB}$ ও $\overrightarrow{OC}$ ভেক্টর দ্বারা গঠিত সমতলের উপর লম্ব একক ভেক্টর নির্ণয় কর।

সমাধান: $\overrightarrow{OC} = 2\hat{i} + 2\hat{j} - 2\hat{k}$

$\overrightarrow{OB}$ ও $\overrightarrow{OC}$ বিন্দুদ্বয় যে তলে অবস্থিত তার উপর লম্ব একক ভেক্টর $= \pm \dfrac{\overline{OB} \times \overline{OC}}{|\overline{OB} \times \overline{OC}|}$

এখন, $\overrightarrow{OB} \times \overrightarrow{OC} = (2\hat{i} - 5\hat{j} + \hat{k}) \times (2\hat{i} + 2\hat{j} - 2\hat{k})$

$$= \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 2 & -5 & 1 \\ 2 & 2 & -2 \end{vmatrix}$$

$$= (10 - 2)\hat{i} - (-4 - 2)\hat{j} + (4 + 10)\hat{k}$$

$$= 8\hat{i} + 6\hat{j} + 14\hat{k}$$

$$\therefore \quad |\overline{OB} \times \overline{OC}| = \sqrt{64 + 36 + 196} = \sqrt{296}$$

$\therefore$ নির্ণেয় একক ভেক্টর $= \pm \dfrac{8\hat{i} + 6\hat{j} + 14\hat{k}}{\sqrt{296}}$

(c) ΔABC এর AB ও AC বাহুর মধ্যবিন্দু যথাক্রমে D ও E হলে প্রমাণ কর যে, DE || BC.

প্রমাণ: AB এর মধ্যবিন্দু D এর স্থানাঙ্ক

$$= \left(\frac{2+2}{2}, \frac{1-5}{2}, \frac{-3+1}{2}\right) = (2, -2, -1)$$

AC এর মধ্যবিন্দু E এর স্থানাঙ্ক

$$= \left(\frac{2+2}{2}, \frac{1+2}{2}, \frac{-3-2}{2}\right) = \left(2, \frac{3}{2}, -\frac{5}{2}\right)$$

$$\therefore \quad \overrightarrow{DE} = (2-2)\hat{i} + \left(\frac{3}{2} + 2\right)\hat{j} + \left(-\frac{5}{2} + 1\right)\hat{k}$$

$$= 0\hat{i} + \frac{7}{2}\hat{j} - \frac{3}{2}\hat{k}$$

$$\overrightarrow{BC} = (2-2)\hat{i} + (2+5)\hat{j} + (-2-1)\hat{k}$$

$$= 0\hat{i} + 7\hat{j} - 3\hat{k}$$

$\overrightarrow{BC}$ ও $\overrightarrow{DE}$ ভেক্টরদ্বয়ের মধ্যে, $\hat{i}$ এর সহগদ্বয়ের অনুপাত $\dfrac{7}{7/2} = 2:1$ এবং $\hat{k}$ এর সহগদ্বয়ের অনুপাত $\dfrac{-3}{-3/2} = 2:1$ পরস্পর সমান।

সমাধান : $\overrightarrow{OB} = 2\hat{i} - 5\hat{j} + \hat{k}$,

$\therefore$ DE || BC

14. ΔABC এ, $AD \perp BC$ এবং BC এর মধ্যবিন্দু E.



(a) $0.7\hat{i} + m\hat{j}$ একটি একক ভেক্টর হলে m এর মান নির্ণয় কর।

সমাধান : $0.7\hat{i} + m\hat{j}$ একটি একক ভেক্টর বলে,

$$|0.7\hat{i} + m\hat{j}| = 1 \Rightarrow \left|\frac{7}{10}\hat{i} + m\hat{j}\right| = 1$$

